

তেজগাঁও কলেজের অধ্যক্ষ পদ নিয়ে জটিলতা কোর্টে গড়াচ্ছে

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর তেজগাঁও কলেজের অধ্যক্ষ পদ নিয়ে সৃষ্ট জটিলতা আদালতে গড়াচ্ছে। পঁয়ষট্টি বছরের বেশি বয়স্ক অধ্যক্ষ জোফায়েল আহমেদ চৌধুরীর নিয়োগ বাতিল করে সরকার নির্ধারিত বয়সসীমার মধ্যে অধ্যক্ষ নিয়োগের জন্য লিগ্যাল নোটিস দেয়া হয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ পরিচালনা কমিটিকে। সাত দিনের মধ্যে এটা করতে ব্যর্থ হলে আইনগত ব্যবস্থা

গ্রহণের কথা বলা হয়েছে এই নোটিসে। এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে কলেজ কর্তৃপক্ষকে দেয়া এক চিঠিতে জোফায়েল আহমেদের নিয়োগ বাতিল করে বয়সসীমার মধ্যে একজন অধ্যক্ষ নিয়োগের পরামর্শ দেয়া হয়েছে। পঁয়ষট্টি বছরের বেশি বয়স্ক একজন শিক্ষককে অধ্যক্ষ হিসাবে পুনরায় নিয়োগ দেয়ায় বিষয়টি নিয়ে সরকারপন্থী শিক্ষক সংগঠনগুলোও কোত প্রকাশ করেছে। এমনকি তারা প্রশ্ন তুলেছে যে, পঁয়ষট্টি বছর পার হওয়ায় যেখানে অধ্যক্ষ হামিদা আপীকে বিদায় দেয়া হয়েছে সেখানে নিয়ম বহির্ভূতভাবে অধ্যক্ষ জোফায়েলকে কেন নিয়োগ দেয়া হলো?